



জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট

(এনআইএলজি)

২৯, আগারগাঁও, শের-ই-বাংলা নগর

ঢাকা-১২০৭।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.০১৮.০০০০.০০২.০১.০০২.১০. ৭৯৮

তারিখ: ০৬/০৩/২০১৮খ্রি:

বিষয়: পৌরসভার কাউন্সিলরগণের পৌরসভা প্রশাসন অবহিতকরণ কোর্সে অংশগ্রহণ।

সূত্র: নং-এনআইএলজি/৪৬.০১৮.০০০০.০০২.০১.০০২.১০/৭৯৮/১(১৭) তারিখ: ১৭.০১.২০১৮খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) নির্বাচিত জনপ্রতিনিধি তথা পৌরসভার কাউন্সিলরগণের জন্য "পৌরসভা প্রশাসন অবহিতকরণ কোর্স" শীর্ষক প্রশিক্ষণের আয়োজন করেছে। প্রশিক্ষণে পৌরসভার কাউন্সিলরগণের দায়িত্ব ও কর্তব্যসহ অন্যান্য প্রশাসনিক বিষয় অন্তর্ভুক্ত থাকবে যা পৌরসভার কার্যক্রম সুষ্ঠু ও দক্ষতার সহিত পরিচালনায় অত্যন্ত সহায়ক ভূমিকা পালন করবে। কোর্সটি আগামী ২৭-২৯ মার্চ, ২০১৮ তারিখে অনুষ্ঠিত হবে।

২। প্রশিক্ষণটি সুষ্ঠুভাবে আয়োজনের জন্য আপনার পৌরসভার কাউন্সিলরগণকে অবমুক্তকরত: তাঁদের নাম, মোবাইল নম্বর এবং পত্রসহ কোর্স পরিচালক এ জেহাদ সরকার এর ই-মেইল jehad_eco@yahoo.com অথবা jehad@nilg.gov.bd এ আগামী ২২-০৩-২০১৮খ্রি: তারিখের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। কোর্সটি আবাসিক এবং অংশগ্রহণকারীগণের হোস্টেলে অবস্থান বাধ্যতামূলক। আপনার পৌরসভার কাউন্সিলরগণকে অবমুক্তকরত: আগামী ২৬ মার্চ, ২০১৮ তারিখ বিকাল ৫ ঘটিকার মধ্যে এনআইএলজি'র হোস্টেলে রিপোর্ট করতে অনুরোধ করা হলো। উল্লেখ্য, প্রশিক্ষণার্থীগণের জন্য কোর্সের পক্ষ থেকে হোস্টেলে থাকা ও দৈনিক আহারের ব্যবস্থা করা হবে।

৪। কোর্স সম্পর্কে যে কোন যোগাযোগের জন্য কোর্স সমন্বয়ক জনাব মোঃ ইমরানুর রহমান, সহকারি গবেষণা কর্মকর্তা এর মোবাইল নম্বরে (০১৭২৬৪৬৪৭০৭) যোগাযোগ করা যাবে।

প্রাপক
মেয়র
কটিয়াদী পৌরসভা
জেলা: কিশোরগঞ্জ।

০৬/০৩/২০১৮
এ জেহাদ সরকার
গবেষণা কর্মকর্তা
ও
কোর্স পরিচালক
মোবা: ০১৯১৫৭১১৭১৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (অতিরিক্ত সচিব), প্রশিক্ষণ ও পরামর্শ, এনআইএলজি, ঢাকা।
- ২। পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা বিভাগ।
- ৩। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ জেলা।
- ৪। উপপরিচালক স্থানীয় সরকার, কিশোরগঞ্জ জেলা।
- ৫। প্রধান নির্বাহী কর্মকর্তা/সচিব, কটিয়াদী পৌরসভা, কিশোরগঞ্জ।
- ৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারি, এনআইএলজি, ঢাকা।
- ৭। অফিস কপি।